আমরা নির্দিষ্ট উদ্দেশ্যে আপনার তথ্য প্রক্রিয়া করার জন্য আপনার সম্মতির অনুরোধ করি এবং আপনি যখন খুশি সম্মতি তুলে নিতে পারেন। যেমন ধরুন, আমরা আপনার পছন্দমতো পরিষেবা প্রদান করার জন্য আপনার সম্মতি চাই, যেমন আপনার পছন্দ অনুযায়ী বিজ্ঞাপন। আমরা স্পিচ শনাক্তকরণ পরিষেবা প্রদানের উদ্দেশ্যে আপনার ভয়েস এবং অডিও অ্যাক্টিভিটি সংগ্রহ করার জন্য আপনার সম্মতি চেয়ে থাকি। আপনার Google অ্যাকাউন্ট লিঙ্কে গিয়ে সেটিংস বিকল্প থেকে আপনি এইসব 'সম্মতি' ম্যানেজ করতে পারবেন। আপনার তথ্য শেয়ার করা বিভাগের বর্ণনা অনুযায়ী আমরা আপনার সম্মতি নিয়ে Google-এর বাইরে আপনার ব্যক্তিগত তথ্য শেয়ার করি। এছাড়াও আমরা আপনাকে সেইসব থার্ড-পার্টি অ্যাপ ও সাইট পর্যালোচনা এবং ম্যানেজ করার অনুমতি দিই, যাদের আপনি Google অ্যাকাউন্টের ডেটায় অ্যাক্সেস দিয়েছেন।

যখন আমরা বৈধ স্বার্থের জন্য কাজ করি

আমরা আপনার তথ্য আমাদের এবং অন্যান্য তৃতীয় পক্ষের বৈধ স্বার্থের জন্য প্রক্রিয়া করি, সেই সময়ে আপনার গোপনীয়তার সুরক্ষার্থে যথাযথ সুরক্ষা প্রয়োগ করি। এর অর্থ আমরা এই সব কারণে আপনার তথ্য প্রক্রিয়া করি:

- আমাদের ব্যবহারকারীদের প্রয়োজন মেটানোর জন্য আমাদের পরিষেবা প্রদান করা, বজায় রাখা এবং উন্নত করা
- আমাদের ব্যবহারকারীদের জন্য উপযোগী নতুন প্রোডাক্ট এবং বৈশিষ্ট্য বিকাশ করা
- আমাদের পরিষেবাগুলির কার্যক্ষমতা নিশ্চিত এবং উন্নত করতে, অন্যরা কীভাবে সেগুলি ব্যবহার করেন তা বোঝা
- আপনাকে আরও ভাল ব্যবহারকারীর অভিজ্ঞতা প্রদানের জন্য আমাদের পরিষেবাগুলি কাস্টমাইজ করা (এবং প্রাসঙ্গিক হলে, অভিজ্ঞতাটি নির্দিষ্ট বয়সের দর্শকদের জন্য উপযোগী করা)
- আমাদের পরিষেবা সম্পর্কে ব্যবহারকারীদের জানাতে বিপণন করা
- বিজ্ঞাপন দেওয়ার মাধ্যমে আমরা আমাদের অনেক পরিষেবা কোনও অর্থ না নিয়ে দিতে পারি (এবং বিজ্ঞাপন আপনার মতো করে সাজিয়ে নেওয়ার ক্ষেত্রে আমরা আপনার সম্মতি চাই)
- আমাদের পরিষেবাগুলির সাথে জালিয়াতি, অপব্যবহার, নিরাপত্তা বা প্রযুক্তিগত সমস্যা শনাক্ত, প্রতিরোধ করা বা অন্যথায় মোকাবিলা করা
- সরকারী কর্তৃপক্ষের কাছে তথ্য প্রকাশ করা সহ, আইনের চাহিদা বা অনুমোদন অনুযায়ী Google আমাদের ব্যবহারকারী বা জনসাধারণের অধিকার, সম্পত্তি অথবা নিরাপত্তা সম্পর্কিত ক্ষতির বিরুদ্ধে সুরক্ষা করা
- আমাদের ব্যবহারকারীদের জন্য পরিষেবা উন্নত করে ও লোকজনের উপকার করে এমন বিষয় নিয়ে গবেষণা করা হচ্ছে
- ডেভেলপার এবং স্বত্ত্বাধিকারীদের মতো আমাদের অংশীদারদের প্রতি আমাদের দায়িত্ব পূরণ করা

